R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৮ শ বর্ষ
১৫ শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১১ই ভাদ্র বুধবার, ১৩৯৮ সাল
২৮শে আগষ্ট ১৯৯১ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫্

## এ মৃত্যু নয়, এ এক অবহেলাজনিত হত্যা অভিযোগ সুভাষের পিতার

সৌমিত্র সিংহরায় : স্থানীয় মহকুমা হাসপাতালে ডাক্তারদের অবহেলায় আর একটি তরুণ চলে গেল জীবনের ওপারে। খবর পেয়ে এই প্রতিবেদক হাসপাতালে পৌঁছে শুনতে পেলেন মৃত তরুণ সুভাষের বাবা গঙ্গা সিংহের বুক ফাটা আর্তনাদ—ডাঃ যজ্ঞেশ্বর মুখার্জী আমার ছেলেকে মেরে ফেলল। খবর গত ১৯ আগষ্ট মিঠিপুরের এক তরুণ সুভাষ সিংহ প্রচণ্ড জ্বর ও রক্ত পায়খানায় আক্রান্ত হয়ে হাসপাতালে আসেন। কিন্তু ডাঃ যজ্ঞেশ্বর মুখার্জী তাঁকে দেখে ভর্তি না করে বাড়ী চলে যেতে বলেন। পরের দিন ২০ আগষ্ট তাঁকে সঙ্গীন অবস্থায় হাসপাতালে নিয়ে আসা হলে ডাঃ সি, আর, সামন্তের অধীনে ভর্তি করা হয়। বিকেল ৫টা নাগাদ সুভাষের অবস্থার অস্বাভাবিক অবনতি দেখে ডাক্তাররা রক্ত না হলে রোগী বাঁচবে না বলে জানান। ডাক্তারদের হঠাৎ এ ধরনের কথায় সুভাষের বন্ধুরা দিশেহারা হয়ে পড়েন। হাসপাতালে রক্ত না পেয়ে তাঁরা নিজেদের রক্ত দিতে প্রস্তুত আছেন জানালে ডাক্তাররা বলেন এখানে গ্রুপ পরীক্ষা করে অন্যের দেহ থেকে রক্ত নেবার কোন ব্যবস্থা নেই। মালদা কিংবা বহরমপুর থেকে এই মুহূর্তে রক্ত আনতে হবে। বন্ধুরা রক্তের উদ্দেশ্যে বের হয়ে পড়েন। কিন্তু সুভাষ কিছুক্ষণের মধ্যেই মারা যান। আত্মীয়দের অভিযোগ সুভাষের অবস্থা গুরুতর হলে ডাক্তার ডেকে আনার জন্য কলবুক পাঠাতে কোন কর্মী হাসপাতালে পাওয়া যায়নি। বন্ধুরা শেষ পর্যন্ত নিজেরাই কলবুক পৌঁছে দেন। উল্লেখ্য, গরীব পরিবারের ছেলে সুভাষ খুব কষ্টে গ্রাজুয়েট হয়েছিলেন। মৃত্যুর দু'দিন আগে তাঁর রেলের চাকরীর এ্যাপয়েন্টমেন্ট লেটার এসেছিল। কিন্তু সব কিছু চুরমার হয়ে গেল। ডাক্তারদের নির্মম অমানুষিক অবহেলায় তরতাজা সুভাষ সিংহ মারা গেলেন। আত্মীয় বন্ধুদের অভিযোগ প্রথম দিনে যদি ডাঃ মুখার্জী তাঁকে ভর্তি করে নিতেন তবে হয়তো সুভাষ এভাবে মারা যেত না। গত ২১ আগষ্ট সুভাষের কয়েকজন বন্ধু ও শহরের কিছু যুবক হাসপাতালে গিয়ে ডাক্তারদের অবহেলার বিরুদ্ধে প্রতিবাদ জানান।

## বর্তমান কন্ট্রোলারের আমলে ফুড সাপ্লাই অফিস দুর্নীতির নগ্ন আখড়া হয়ে দাঁড়িয়েছে

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর মহকুমার বর্তমান খাদ্য নিয়ামক পবিতোষ ঠাকুর এখানে কাজের ভার নেওয়ার পর থেকেই ব্যাপক অনীতির আখড়া হয়ে উঠেছে তাঁর অফিস বলে একদল এম আর ডিলার অভিযোগে সোচ্চার। ডিলারদের কাছ থেকে জোর জুলুম টাকা আদায় করছেন। না দিলে তাকে নানাভাবে হয়রান করাচ্ছেন। এই খবর জঙ্গিপুর সংবাদে এর আগেও বের হয়েছে। সাগরদীঘি ব্লকের ভূমিহীন চাষীদের চাল বিলি না করার যে অভিযোগ তাঁর বিরুদ্ধে আমাদের পত্রিকায় প্রকাশ হয়। সে সম্বন্ধে বিভাগীয় তদন্তে উর্দ্ধতন কর্তৃপক্ষ মন্তব্য করেন—'that it is primafacie, established that there have been partial failure in the implementation of the programme in the Sagardighi Block'. তদন্তকারী দল তাঁর অফিস পরিদর্শন করে বহু অনিয়ম দেখতে পেয়েছেন বলে জানা যায়। অফিসের আসবাবপত্র কেনার ব্যাপারে 'কোটেশন' নেওয়াতেও (শেষ পৃষ্ঠায়)

## কেন এ প্রহসন

গোপাল সাহা : সঞ্জীব হালদার কমার্সের দুঃস্থ ছাত্র। জঙ্গিপুর কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল। দুই বছর ধরে অর্থনীতিকে তৃতীয় বিষয় হিসাবে পড়া শুনা করার পর এডমিট কার্ড এলো। কিন্তু অর্থনীতির পরিবর্তে তৃতীয় বিষয় অর্থনৈতিক ভূগোল। কোন কর্তৃপক্ষই দায়িত্ব নিলেন না। ফল যা হবার হল অর্থনৈতিক ভূগোলে ব্যাক। সুদীপ রায়ের অবস্থা আরও মারাত্মক। সারা বছর কমার্স নিয়ে পড়ার পর এডমিট কার্ড এল আর্টস এর। বুঝুন কাউন্সিলের অবস্থা। রঘুনাথগঞ্জ বালিঘাটার আনন্দ ঘোষালের কথা চিন্তা করুন। কৃত্রী ছাত্র। উচ্চ মাধ্যমিকের অন্যান্য পেপারে ভালো মার্কস অথচ ইংরাজীতে ব্যাক, (শেষ পৃষ্ঠায়)

## অভিযোগ সত্যি হলেও কেউ গ্রেপ্তার হয়নি

সাগরদীঘি : গত ২৭ মে এই থানার নাচনা গ্রামে ষষ্ঠীরাম দাসের বাড়ীতে এক দুঃসাহসী ডাকাতি হয়। সে খবর আমাদের ৫ জুনের পত্রিকায় প্রকাশও হয়েছিল। পরবর্তীতে জানা যায় ঐ বাড়ীর জনৈকা মহিলা ডাকাতির সময় চাঁদ সেখকে চিনতে পেরে পুলিশের কাছে অভিযোগ করলে চাঁদ পুলিশের হাতে ধরা পড়ে। সে অন্য কয়েকজনের নামও করে। পুলিশ কিন্তু আজও চাঁদের অভিযোগের গুরুত্ব দিয়ে নাচনার আবদুর রসিদ, রসিদ সেখ, কালু সেখ, শীতলপাড়ার নজরুল সেখ, বা বিধান মাল কাউকেই ধরার চেষ্টা করেনি বা কোন মাল উদ্ধার হয়নি। গৃহস্বামী এস ডি পি ওর কাছে হাজির হয়ে তাঁকে এ ব্যাপারে তৎপর হতে আবেদন জানিয়েছেন।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১১ই ভাদ্র বুধবার ১৩৯৮ সাল

## আগষ্ট বিপ্লব ১৯৯১

ইহা ইতিহাসখ্যাত সেই আগষ্ট বিপ্লব নহে, তবে এই বিপ্লব ইতিহাসের পৃষ্ঠায় এক বিশেষ অধ্যায়রূপে চিহ্নিত হইয়া থাকিবে। বিগত সত্তর বৎসরের লালিত চিন্তাধারায় ষ্টীম রোলার তাহার পীঠভূমি রাশিয়ায় নিশ্চিহ্ন হইতে চলিয়াছে। কমিউনিষ্ট ভাবনার তথা প্রয়োগের উৎসস্থল সোভিয়েত রাশিয়ায় কমিউনিষ্ট দল এবং দলীয় ক্রিয়াকলাপ নিষিদ্ধ হইয়াছে। সে দেশের জনজাগরণ আজ কমিউনিষ্ট বিরোধী।

জার-স্বৈরতন্ত্রের অবসান ঘটাইয়া লেনিন রাশিয়ায় কমিউনিজমের প্রবর্তন করিলেন। স্বৈরতন্ত্রী শাসনে অতিষ্ঠ জনগণ তখন এই নয়া ব্যবস্থাকে স্বাগত জানাইয়াছিলেন। কমিউনিজমের প্রসার ও প্রতিষ্ঠায় ট্রট্স্কি ও ষ্ট্যালিনের বিরাট ভূমিকা ছিল। কিন্তু ট্রট্স্কির রহস্যজনক মৃত্যুতে ষ্ট্যালিনই সর্বেসর্বা হইয়া বসিলেন। একের পর এক নানা ইউরোপীয় রাষ্ট্রে কমিউনিজম প্রবর্তিত হইল। ষ্ট্যালিনের লৌহদৃঢ়তা ক্রমশঃ প্রতিকূল পরিস্থিতি সৃষ্টি করিতে থাকিলেও কিন্তু তাৎক্ষণিক কোন পরিবর্তনের লক্ষণ দেখা যায়নি। তাঁহার পর ক্রুশচেভ-ব্রেজনেভ জমানায় ইউরোপীয় কমিউনিষ্ট দেশগুলি সাহস করিয়া প্রতিবাদের ভূমিকা লইতে না পারিলেও সামগ্রিকভাবে সন্তুষ্ট হইতে পারে নাই। সে সব দেশের অনেক সমস্যারই প্রতিকারকল্পে সোভিয়েত স্বার্থই বড় করিয়া দেখা হইত। রাশিয়া ও ইউরোপের কমিউনিষ্ট দুনিয়ায় সমস্যাজনিত এক অসন্তোষ চলিতে থাকে। দেশের আর্থ-সামাজিক দিক ক্রমশঃ সংকটের মুখে পড়িতেছিল। সোভিয়েত রাশিয়ার প্রেসিডেন্ট মিখাইল গরবাচেভ কমিউনিষ্ট শাসনে যুগের হাওয়ার সঙ্গে সামঞ্জস্যসাধনের উদ্দেশ্যে 'গ্লাসনস্ত' ও 'পেরেস্ত্রৈকা'-র প্রবর্তন করিতে অগ্রসর হইলেন, দেশে সার্বিক সমর্থন না পাইলেও তিনি পশ্চিমী দুনিয়ার সমর্থন হইতে বঞ্চিত হন নাই। ইতিমধ্যে রুশ ফেডারেশনের প্রেসিডেন্ট হিসাবে বরিস ইয়েলৎসিনের বিপুল ভোটে নির্বাচিত হওয়া তাঁহার বিশাল জনপ্রিয়তার প্রমাণ দেয়। অন্তঃসলিলা ফল্গুধারার ন্যায় এক হঠাৎ অভ্যুত্থানে সোভিয়েত প্রেসিডেন্ট গরবাচেভকে পদচ্যুত করিয়া কট্টর কমিউনিষ্টরা শাসন ক্ষমতা দখল করিলে বরিস ইয়েলৎসিনের অদম্য সাহস ও কর্মনিষ্ঠায় ক্ষমতার দখল বানচাল হইয়া যায়। গরবাচেভ ক্ষমতায় পুনঃ প্রতিষ্ঠিত হন। ষড়যন্ত্রকারীরা এখন বন্দী ও বিচারাধীন।

সোভিয়েত প্রেসিডেন্ট মিখাইল গরবাচেভ সোভিয়েত ইউনিয়নের কমিউনিষ্ট দলের প্রধান পদ ত্যাগ করিয়াছেন। ভাঙ্গিয়া দিয়াছেন এই দলের কেন্দ্রীয় কমিটি এবং কমিউনিষ্ট পার্টির যাবতীয় সম্পত্তি বাজেয়াপ্ত করিবার কথা ঘোষণা করিয়াছেন। এখন শুরু হইয়াছে মিখাইল গরবাচেভ ও বরিস ইয়েলৎসিনের ক্ষমতার লড়াই। এই লড়াইয়ের পরিণতি কী তাহা অদূর ভবিষ্যতের গর্ভে নিহিত। তবে কমিউনিষ্ট দুনিয়ার শক্ত ঘাঁটি হইতে কমিউনিজমের উচ্ছেদই হইতেছে শিরোনামে উল্লেখিত 'আগষ্ট বিপ্লব'।

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব)

### এবারের বাইশে শ্রাবণ ও রবীন্দ্রনাথের কপিরাইট প্রসঙ্গে

জঙ্গিপুর সংবাদের ২১শে শ্রাবণ (৭ই আগষ্ট) সংখ্যায় সাধন দাসের 'এবারের বাইশে শ্রাবণ ও রবীন্দ্রনাথের কপিরাইট' প্রবন্ধটি সময়ানুগ আলোচ্য বিষয়বস্তু যা পাঠকচিত্তে রবীন্দ্র রচনাবলীর গুরুত্ব সম্বন্ধে আলাদা মাত্রা সংযোজিত করে। এ ধরনের হৃদয়গ্রাহী লেখা মফঃস্বলীয় স্থানীয় পত্রিকা সম্বন্ধে সাহিত্যপ্রেমীদের বিশেষ মূল্যায়ন করতে শেখায়। এই মহকুমার মানুষ সাধনবাবু, বিষয়বস্তুকে উপস্থাপনার গুণে যেভাবে আকর্ষণীয় করে তুলতে পারেন তা এই এলাকার উৎসাহী সাহিত্য কলমকে সচল করতে প্রেরণা যোগাবে বলে আশা করা যায়।

বিগত ৭০ বছর ধরে বিশ্বভারতীর তত্ত্বাবধানে রবীন্দ্র রচনাবলীর প্রকাশনায় সাধারণ পাঠক যাঁরা রবীন্দ্র জীবন দর্শনের মহান অভিজ্ঞতার কণামাত্র দৈনন্দিন জীবনে কাজে লাগাতে পারে বলে মনে করেন তাঁরা কিন্তু "বিশ্বভারতীর নন্দন কাননের স্বর্ণসিংহাসন থেকে অনিবার্যভাবে স্খলিত হচ্ছেন রবীন্দ্রনাথ এই ৫০তম মৃত্যুবর্ষে আন্তর্জাতিক কপিরাইট দ্বারা"—এই ধারণার সঙ্গে একমত নাও হতে পারেন। কারণ, মুনাফালোভী প্রকাশকদের মূল্যবোধহীন অভিজ্ঞতার পাশাপাশি (সরকারী প্রকাশনায় প্রাপ্ত কিছু ভাগ্যবানকে বাদ দিলে) রবীন্দ্রানুরাগীদের মনে কিঞ্চিত আশা জাগাতে পারে যে প্রকাশকদের প্রতিদ্বন্দ্বীতার বাজারে রবীন্দ্র রচনাবলী অপেক্ষাকৃত সুলভ মূল্যে ব্যক্তিগত পুঁথি-সংগ্রহে স্থান পেতে পারে সাধ্যসীমার মধ্যেই। 'রবীন্দ্র রচনাবলীর সেট' যাদের হাতের কাছে নেই তারাই প্রকাশনার এই স্বাধীনতায় অন্ধকারের পাশাপাশি সুলভ মূল্যের আলোর দিকটাও দেখতে পাবেন বলে মনে হয়। আর সাধনবাবু, 'রক্তকরবী' বা 'শেষের কবিতা' ইত্যাদি নানান ছাপানোয় ভুলের যে আশঙ্কা প্রকাশ করেছেন তা বিগত সত্তর বছরের বিশ্বভারতীর অথারাইজেশনের সুরক্ষিত প্রাচীরকে সহজে ফাটল ধরাতে পারবে বলে প্রথমেই ধরে নেওয়াটা ঠিক হবে না। কারণ সাধনবাবু তাঁর প্রারম্ভিক আশঙ্কার ঠিক উল্টো। কথায় বলেছেন, "মৃত্যুর ৫০ বছর পরও যেমন করে বেঁচে আছেন বঙ্কিমচন্দ্র, মধুসূদন, তেমনিভাবেই বেঁচে থাকবেন রবীন্দ্রনাথ"। —ঠিকই তো, মহৎ ব্যক্তিরা আমাদের কাছে অনুসরণীয় হয়ে থাকেন তাঁদের কর্ম এবং জীবনদর্শনে, তাতে দু-চারটে ছাপার ভুল কিম্বা প্রচ্ছদের পরিবর্তন (যদিও একেবারেই কাম্য নয়) কি সেই স্থানকে বিচ্যুত করতে পারে? আর 'রবিবাবুর গান' থেকে 'রবীন্দ্র সঙ্গীতে উত্তরণ এবং বিশ্বভারতীর অনুশাসনে ও কিছু অসাধারণ শিল্পীর নিরলস অথচ সতর্ক প্রয়াসে রবীন্দ্র সঙ্গীত এতদিনে যেখানে পৌঁচেছে তা 'বোম্বাই মার্কা' কোনো শিল্পীর কণ্ঠের ক্যাসেট আবার 'রবিবাবুর গান' বা 'আধুনিক রবীন্দ্র সঙ্গীত' নামে কোনো নতুন ধারার প্রবর্তন করতে পারবে বলে মনে হয় না। ঐ বোম্বাই মার্কা ক্যাসেটের পাশাপাশি সত্যিকারের রবীন্দ্র সঙ্গীত-রেকর্ড বা ক্যাসেট তো থাকছেই, সুতরাং ভয় কি?

রবীন্দ্রনাথের মননশীলতা আরো বেশী করে সাধারণের কাছে পৌঁছে যাওয়ার আশাটাই আমাদের কাছে এবারের বাইশে শ্রাবণের বাড়তি পাওনা। তাই 'বিশ্বভারতীর স্বর্ণসিংহাসন' থেকে চ্যুত হওয়ার আশঙ্কা সত্ত্বেও আপামর জনচিত্তে রবীন্দ্র দর্শনের উদ্ভাসিত আলো আজকের সমস্যা। কণ্টকিত বিশ্ব মানসে এক সার্থক জীবন পাথেয় হয়ে উঠবে—এই আশায় রবীন্দ্রানুরাগীদের মনে পুষ্টি লাভ করুক।

তমাল দাস, রঘুনাথগঞ্জ

### দিকে দিকে স্বাধীনতা দিবসের অনুষ্ঠান

জঙ্গিপুর: স্থানীয় মহাবীর সংঘের পরিচালনায় ১৫ আগষ্ট স্বাধীনতা দিবস উদ্‌যাপন হয়। পতাকা উত্তোলন, রোড মার্চ, ড্রিল প্রতিযোগিতা হয়। ড্রিল প্রতিযোগিতায় ১ম—মহাবীর সংঘ (১৯২ পয়েন্ট), ২য়—যুবক সংঘ (১৮৯ পঃ) এবং ৩য়—অগ্নিফৌজ (১৭০ পঃ)। পুরস্কার প্রদান করেন রঘুনাথগঞ্জ ১নং ব্লক যুব অফিসার কুণাল রায়।

মির্জাপুর: সনকর নবকিশোর সংঘের উদ্যোগে স্বাধীনতা দিবস পালন করা হয় বসে আঁকো, আবৃত্তি প্রতিযোগিতা, নাটক, সঙ্গীত ইত্যাদি সাংস্কৃতিক উৎসবের মাধ্যমে। (শেষ পৃষ্ঠায়)

## সি পি এমের অভিযোগের বিরুদ্ধে বি জে পির পথসভা

ধুলিয়ান : গত ২৫ জুলাই স্থানীয় পুরসভার ষ্টোর থেকে সিমেন্ট পাচারের সময় ট্রাক ধরা পড়া ও পরবর্তীতে ষ্টোর পরীক্ষা করে ১৩ বস্তা সিমেন্ট কম থাকার পরিপ্রেক্ষিতে সি পি এম দলের তরফ থেকে সামসেরগঞ্জ থানায় পুরসভার বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করা হয়। সম্প্রতি আজকাল পত্রিকায় অওরঙ্গাবাদের সি পি এম বিধায়ক তোয়াব আলীর বিধানসভায় দেওয়া এক বিবৃতি প্রকাশ হয়। সেই বিবৃতিতে তিনি ধুলিয়ান পুরসভার বিরুদ্ধে টাকা নয়ছয়ের বিভিন্ন অভিযোগ তোলেন এবং পুরসভার কয়েকজন জনগণের টাকা নিয়ে ব্যক্তিগতভাবে ব্যবসা করছেন জানান। এর পরিপ্রেক্ষিতে গত ৩১ জুলাই স্টেশন কলোনীর মোড়ে বিজেপির পক্ষ থেকে পথসভা করে এগুলি সি পি এমের অপপ্রচার এবং স্থানীয় পুর প্রশাসনের বিরুদ্ধে অযথা গোলমাল সৃষ্টির চেষ্টা বলে অভিযোগ করেন। এই সভায় বিজেপির ষষ্ঠিচরণ ঘোষ বলেন, পুরসভা থেকে ১৩ বস্তা সিমেন্ট চুরির ঘটনায় সি পি এমেরই কর্মী জড়িত রয়েছেন এবং তিনি দোষীর শাস্তিও দাবী করেন। বিধায়ক তোয়াব আলীর বক্তব্যকে তিনি মিথ্যা, ভিত্তিহীন এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে উল্লেখ করেন। যদি বিজেপির কোন ব্যক্তি এই সব ঘটনায় জড়িত বলে প্রমাণিত হয় তবে দল থেকে তাঁদের বহিষ্কার করা হবে একথাও তিনি স্পষ্টভাবে বলেন। তবে যদি তোয়াব আলীর বক্তব্য তদন্তে মিথ্যা প্রমাণিত হয়, সেক্ষেত্রে তিনিও পদত্যাগ করবেন বলে বিজেপি দাবী করে। ষষ্ঠিচরণ ঘোষ আরও বলেন, সিমেন্ট চুরির ঘটনায় থানায় অভিযোগ করার পর এখন নিজেদের কর্মী জড়িয়ে পড়ায় সি পি এম বিরোধী কমিশনারদের সাহায্যে ঘটনাটি চাপা দিতে চাইছে। কিন্তু বিজেপি চায় এ ব্যাপারে তদন্ত হোক এবং দোষীর শাস্তি হোক। তাঁরা আরও অভিযোগ করেন ধুলিয়ানে এপার বাংলা ওপার বাংলা চোরাচালানের সঙ্গে স্থানীয় সিপিএম এবং কংগ্রেসের কিছু নেতা সরাসরি যুক্ত আছেন। তাঁরা ফেরীঘাটে উপস্থিত থেকে মাল পাচারে সাহায্য করছেন। বিজেপি এই অবস্থার অবসানকল্পে প্রশাসনকে তৎপর হতে দাবী জানায়।

## বিভিন্ন দাবীদাওয়া নিয়ে রেল লাইন অবরোধ

ফরাক্কা : গত ১৬ আগস্ট ফরাক্কা ব্লকের নাঁকোপাড়া রেল হল্টে এস এফ আই এর পক্ষে তাপস দাস ৪০/৫০ জনের একটি দল নিয়ে ৩৪৭ ডাউন মালদা—হাওড়া প্যাসেঞ্জার ট্রেনটিকে অবরোধ করেন। দ্রব্যমূল্য বৃদ্ধি ও নয়া শিল্পনীতির প্রতিবাদে এই আন্দোলন অনুষ্ঠিত হয়। পরে স্থানীয় পুলিশের হস্তক্ষেপে সকাল দশটা নাগাদ রেল লাইন অবরোধ মুক্ত করা হয়।

রঘুনাথগঞ্জ : গত ২১ আগষ্ট এস ইউ সি আই সহ তের দলের নেতৃত্বে পঃ বঃ ব্যাপী রেল অবরোধ কর্মসূচীর অঙ্গ হিসাবে স্থানীয় ষ্টেশনে রেল অবরোধ করা হয়। রেলের যাত্রী ভাড়া ও মাল পাঠানোর মাশুল বৃদ্ধি, টাকার অবমূল্যায়ন, কেন্দ্রীয় সরকারের নয়া শিল্পনীতির প্রতিবাদে এই আন্দোলন কর্মসূচী গৃহীত হয়। আব্দুস সঈদের নেতৃত্বে এই অবরোধ অনুষ্ঠিত হয়। পরে মহকুমা শাসক ষ্টেশনে গিয়ে ৫২ জন অবরোধকারীকে গ্রেপ্তার করেন। উল্লেখ্য উক্ত দাবীর ভিত্তিতে গত ১৬ আগষ্ট রেল সুপারিনটেনডেন্টকে গণ ডেপুটেশন ও স্মারকলিপি দেওয়া হয়।

## রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ছাত্র সম্মানিত

নিজস্ব সংবাদদাতা : গত ১৮ আগষ্ট গণিত শিক্ষা বীক্ষণ কেন্দ্র আয়োজিত এ বছরের এ্যাচিভমেন্ট কাম ডায়াগোনোষ্টিক টেষ্ট ইন ম্যাথামেটিক্স পরীক্ষায় কেন্দ্রীয় স্তরে পুরস্কার বিতরণ করা হয় কলকাতার বিড়লা ইনড্রাসট্রিয়াল এণ্ড টেকনোলজিক্যাল মিউজিয়ামে। রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র অনির্বাণ চক্রবর্তী ঐ পরীক্ষায় ৮ম স্থান অধিকার করায় পদক দিয়ে তাকে সম্মানিত করা হয়। এছাড়া রাজ্য স্তরে 'গণিত কুইজে' অংশ গ্রহণ করার জন্য ঐ বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্র বিশ্বজিৎ সাহা ও পার্থপ্রতিম ব্যানার্জিকেও বিশেষ পুরস্কার দেওয়া হয়।

## সিদ্ধিকালী পুনরায় অগ্নিগর্ভ

রঘুনাথগঞ্জ : স্থানীয় থানার উত্তেজনাপ্রবণ সিদ্ধিকালী গ্রাম আবার অগ্নিগর্ভ হয়ে উঠেছে। গত ১৮ আগষ্ট বিজেপি সমর্থক ১৯টি তপশীলি পরিবারের ঘরবাড়ী লুটপাটের খবর পাওয়া যায়। বিজেপির অভিযোগ, সি পি এম আবার নবোদ্যমে অত্যাচার চালাচ্ছে। পুলিশ রাজনৈতিক চাপে নিষ্ক্রিয় এই অভিযোগও বিজেপির। বিজেপির এক মুখপাত্র জানান পুলিশ মিটমাটের চেষ্টা চালাচ্ছে, কিন্তু লুটের মাল ফেরৎ পাওয়া না গেলে দুঃস্থ পরিবারগুলি কোন স্বার্থে মিটমাটে রাজী হবে? এই ঘটনার প্রধান আসামী সি পি এমের অনিল মুখার্জির পক্ষপুটে আশ্রিত পাঁচু ব্যানার্জিকে পুলিশ গ্রেপ্তার করতে গিয়েও রাজনৈতিক চাপে ফিরে আসতে বাধ্য হয় বলে বি জে পি সূত্রে জানা যায়। শেষ খবর—পুলিশ এই ঘটনায় গত ২৩ আগষ্ট রাতে মির্জাপুরের দাগী আসামী প্রদীপ মাল ও দীপক মালকে লুঠের ১টি সাইকেলসহ গ্রেপ্তার করে।


## Opportunity for Post Graduate Diploma IN PERSONNEL MANAGEMENT

Admission is going on for Post Graduate Diploma in Personnel Management under NIPM Coaching Centre, Farakka Local Group, Nabarun, Murshidabad. The Diploma awarded by National Institute of Personnel Management (NIPM) is equivalent to Post Graduate Diploma of different Universities and is recognised by the Govt. of India and other State Governments for recruitment in the superior post.

**Eligibility for admission :** Graduate with 44% marks or Honours or Post Graduates or Graguate with 3 years experience in Personnel Department/5 years in Industry.

Persons interested to join the next session which is scheduled to start from 1st week of September, 1991 may contact to the Organising Secretary, NIPM, Farakka Local Group at Qr. No. D/51, PTS, P. O. Pubarun, Dist. Malda on any Saturday & Sunday from 7-00 PM to 8-00 PM and 9-00 AM to 12-00 Noon respectively.

**S. P. Mandal**
ORGANISING SECRETARY
NIPM COACHING CENTRE
Farakka Local Group
P. O. Nabarun, Dist. Murshidabad (W. B.)

# National Thermal Power Corporation Ltd.

( A GOVERNMENT OF INDIA ENTERPRISE )

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN-742 236 : DIST. MURSHIDABAD ( W. B. )

# Contract Services Department

## Pre-Qualification Tender For Various Works :

NTPC, Farakka Project is interested in getting the following works executed through reputed agencies. Resourceful contractors having on line experience for the following engineering works are requested to apply for the tender documents. The qualifying requirements and brief work details for the jobs is as indicated below :

| Sl. No. | Tender No. | Brief Work Description | Estimated value of business | EMD value | Completion time |
|---|---|---|---|---|---|
| 1. | FS : 43 : CS : 02/427 | Construction of ring road outside the plant boundary wall. | Rs. 34 Lakhs | Rs. 70,000/ | Six months |
| 2. | FS : 43 : CS : 01/426 | Construction of office building for CHP in plant site. | Rs. 44 Lakhs | Rs 90,000/ | Twelve months |
| 3. | FS : 43 : CS : 06/425 | Running and maintenance of INDUSTRIAL CANTEEN catering to the needs of about 2000 employees with round-the clock services. | Rs 25 Lakhs | Rs. 50,000/ | Twelve months |
| 4. | FS : 43 : CS : 06/290 | Providing SECURITY SERVICES for our townships, guest house, field hostel premises. | Rs. 26 Lakhs | Rs. 50,000/ | Twelve months |
| 5. | FS : 43 : CS : 01/444 | Construction of 100 nos. garrage at field hostel premises. | Rs. 24 Lakhs | Rs. 50,000/ | Nine months |

## A) Qualifying requirements for the above works :

1. Bidder should have done similar works for PWD/CPWD /MES/Public Sector Organisations and preferably be a registered contractor.

2. For tender sl. nos. 1, 2 & 5, bidders should have successfully executed 75% of the estimated value of the works during the last three years. Value of single works order executed for such works should be 60% of the estimated value during the last two years. Copies of the work order/contracts executed should be submitted alongwith the requests for issue of tender documents.

3. For tender sl. nos. 3, bidders should have proven experience in running and maintenance of an industrial canteen attached to reputed industry having minimum workforce atleast 500. They should have executed a single contract of value Rs. 10 lakhs during the last two years. All infrastructural facilities with modern kitchen & equipment will be provided by NTPC.

4. For tender sl. nos. 4, the bidder should have proven experience in providing security services to large industrial townships establishments having atleast 500 dwelling units. The firm/organisation should have been legally constituted for doing business of security services and should possess valid licences from appropriate authorities/statutory bodies i. e. registration certificate of the establishment, contract labour registration & abolition act etc. Copy of partnership deed/affidavit of proprietorship, memorandum of associations etc. are to be submitted. They should have qualified and experienced personnel with Police/Defenceservices background. Value of single contract executed during the last two years should be atleast Rs. 10 lakhs. They must have provided security services to townships/offices attached with Public Sector organisations.

5. Copies of latest Income Tax Clearance Certificate should be submitted.

6. Copies of all major order/works under execution is to be indicated.

7. Bidders fulfilling the above qualifying requirements only are requested to apply for issue of tender documents alongwith documentary proof for the various credentials required by us.

Contd. 5 page

## ব্লু ফিল্ম দেখা ও দেখানোর অভিযোগে গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ : গত ২২ আগষ্ট রাতে গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ স্থানীয় শহরের অধিবাসী রবীন্দ্রনাথ সাধু নামে জনৈক ব্যক্তির হল ঘর ঘেরাও করে ব্লু ফিল্ম দেখা ও দেখানোর অভিযোগে তাঁকে গ্রেপ্তার করে। খবর রবীন্দ্রনাথ সাধু তাঁর হল ঘরে কয়েকজন বন্ধু-বান্ধব নিয়ে ব্লু ফিল্ম দেখছিলেন। সেই সময় পুলিশ ঘটনাস্থলে হানা দিলে অন্যান্যরা পালিয়ে যায়। বেআইনী ব্লু ফিল্মের ক্যাসেট ও ভি সি পি মেশিনসহ শ্রীসাধুকে পুলিশ গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে। পরদিন জঙ্গিপুর কোর্টে তার জামিনের আবেদন না মঞ্জুর হয়।

## নাট্য প্রশিক্ষণ শিবির

ফরক্কা : গত ৪ আগষ্ট থেকে ৯ অগষ্ট পর্যন্ত স্থানীয় সবাক সংস্কৃতিক সংস্থার উদ্যোগে একটি নাট্য প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে মোট ৩৫ জন অংশগ্রহণ করেন তার মধ্যে ৮ জন মহিলা ছিলেন। প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ সাংস্কৃতিক পরিষদের সদস্য দুলাল কর। প্রশিক্ষণ শিবিরে নাটকের বিভিন্ন দিক শেখানো ও আলোচনা হয়।

## জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরের রবীন্দ্র পল্লীর ভিতর নূতন ডাকঘরের পার্শ্বে রাস্তার ধারে তিনকাঠা বাসোপযোগী জায়গা বিক্রি হবে। যোগাযোগ করুন।

শ্রীহলুপদ দাস
১৩৪, বড়জোনপুর
পো: কাঁচরাপাড়া
জেলা উত্তর চব্বিশ পরগণা

## বাড়ী ভাড়া দেওয়া হবে

রঘুনাথগঞ্জ শহরের S. D. O. কোর্ট সংলগ্ন ভদ্র পরিবেশে ৬ খানা ঘর সম্বলিত বসবাস/ সরকারী অফিসের উপযোগী স্বয়ং সম্পূর্ণ বাড়ী ভাড়া দেওয়া হইবে। যোগাযোগের স্থান—

দ্বিজেন্দুশেখর নাথ
এ্যাডভোকেট
জঙ্গিপুর কোর্ট

## জমি বিক্রয়

১৩নং ওয়ার্ডে গোডাউন কলোনীতে ৬ শতক বাসোপযোগী জায়গা বিক্রয় হইবে। সত্বর যোগাযোগ করুন। যোগাযোগের কেন্দ্র—

সুধীরকুমার দাস (ভীম)
হারমোনিয়ামের দোকান
রঘুনাথগঞ্জ, সদরঘাট

## রাস্তার দুরবস্থা

আহিরণ : বহুতালী অঞ্চলের কাঁদোয়া ঘোষপাড়ার একমাত্র রাস্তাটি প্রায় কুড়ি বছর থেকে কোনরকম মেরামত না হওয়ায় চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। প্রতি বর্ষায় বৃষ্টির জলে রাস্তাটিতে গাড়ী তো দূরের কথা মানুষের পায়ে চলাও বিপর্যস্ত করে তোলে। এ বছরের বর্ষার সামান্য জলেই রাস্তায় এক কোমড় কাদা। গ্রামবাসীরা বহু লেখালেখি করেও এর কোন সুরাহা করতে পারেননি। ভোটের আগে নির্বাচনী প্রচারে এসে বামফ্রন্টের দুই মন্ত্রী, সেচমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ও পূর্ত ও সড়ক মন্ত্রী যতীশ রায়, আর এস পির স্থানীয় বিধায়ক শিস্ মহম্মদ নিজেরা রাস্তার বেহাল অবস্থা দেখে গেছেন এবং মেরামতের যৌক্তিকতা স্বীকার করেছেন। গ্রামবাসীদের তাঁরা বহু আশ্বাসও দিয়ে গিয়েছিলেন কিন্তু দুর্ভাগ্য আজও এই রাস্তার মেরামতির কোন বন্দোবস্ত হয়নি।

---

***"হিন্দু-মুসলমান চিরকাল পাশাপাশি থাকবেই, তারা ভারত ভাগ্যের শরিক..."***

**-রবীন্দ্রনাথ ঠাকুর**

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ; মুর্শিদাবাদ

---

from pages—4

## B) General terms and conditions :

8. The last date for receipt of request for issue of tender documents alongwith qualifying requirements is 10-9-91 (Tuesday). Bid documents are not transferrable.

9. Requests/Applications are to be sent to Manager (Contract Services) alongwith DD for Rs. 200/- (non-refundable as tender/scrutiny fee (seperately for each tender) in favour of NTPC encashable at SBI, Andua (Branch code-7099) or UBI, Khejuriaghat (Branch code-C/69) No other form of payment is applicable,

10. The above specifications are only indicative and full details will be given in our tender documents. Bidders are advised to visit the site to have first hand knowledge of the site conditions and facilities

11; Notwithstanding anything stated above NTPC reserves the right to assess the bidders capability and capacity to perform the contract should the circumstances warrant such assessment.

12. The response against these tenders will be used for enlistment of vendors for future bussiness considerations.

13. Applications received for issue of tender documents will be scrutinised and documents will be issued to only prima-facie suitable contractors as decided by NTPC. However issue of tender documents does not automatically qualify a company and suitability will be decided based on various techno-commercial aspects during bid evaluation,

14. Price preference to public sectors may be given as per Govt. directives, at the discretion of the management,

15. The envelope should be superscribed with the 'Tender No.' and name of work.

16. The value of EMD as indicated above is to be submitted alongwith the bids only. The bid opening dates will be indicated in the respective tender documents for each tender.

17. NTPC is not responsible for any postal/communication delays or for non receipt/late receipt of tender documents etc.

18. NTPC reserves the right to alter the qualifying requirements and to accept or reject any or all the offers without assigning any reason thereof.

**Senior Manager (Contract Services)**

## আশ্রমের প্রতিষ্ঠা দিবসে বিশাল মিছিল

রঘুনাথগঞ্জ : গত ২৫ আগষ্ট রাখী পূর্ণিমার দিন স্থানীয় স্বরূপানন্দ আশ্রমের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এক বিশাল মিছিল শহর পরিক্রমা করে। মিছিলে যোগদানকারী সমর্থকেরা হিন্দু ধর্ম্ম সম্প্রদায়ের প্রতীকী চিহ্ন তীর ধনুক, খাঁড়া, ত্রিশূল, কুঠার প্রভৃতি অস্ত্র সহকারে ভগবৎ নাম সহযোগে শহরের পথ পরিক্রমা করে।

## দুর্নীতির নগ্ন আখড়া

( ১ম পৃষ্ঠার পর )

অনেক রহস্য ধরা পড়েছে। এম আর ডিলারদের ক্ষেত্রে সমমনোভাব না দেখিয়ে তিনি কাউকে সুযোগ দিয়েছেন, কাউকে বা শাস্তি। এ কাজ তিনি করেছেন বেশ কয়েকটি ক্ষেত্রে। তার উপর তিনি তাঁর অফিসে কাজের সময়ে কয়েকজন মোসাহেবকে নিয়ে ঘন্টার পর ঘন্টা চেম্বারে গল্প-গুজব করে কাটান বলে আমাদের কাছে অভিযোগ এসেছে। সি পি এমের জনৈক অঞ্চল প্রধান প্রণব পালের (স্বপন) সঙ্গে তাঁর বিশেষ ঘনিষ্ঠতা সকলেরই জানা। প্রণব পাল আবার জঙ্গিপুর ডিলারস এ্যাসোসিয়েসন নামে এম আর ডিলারদের এক সংগঠনের সেক্রেটারী। পদাধিকারের সুযোগ নিয়ে বর্তমান মহকুমা নিয়ামকের সহযোগিতায় তিনি তাঁর পরিবারের বেশ কয়েক জনের নামে বিভিন্ন লাইসেন্স বার করে নিয়েছেন। প্রণবের বড় দাদা দীপক পালের নামে চালের হোলসেল লাইসেন্স তার একটি। জানা যায় এই লাইসেন্সটি যৌথভাবে ছিল অরুণ পাল ও দীপক পালের নামে। গত ৩১ মে '৯০ দীপক পাল কনট্রোলারের কাছে আবেদন করলেন—অরুণ পাল এখানে থাকেন না তাই অরুণের নাম বাদ দিয়ে তাঁর একক নামে লাইসেন্সটি দেওয়া হোক। আইনে এরূপ নিয়ম নাই। ও রকম ক্ষেত্রে প্রথম লাইসেন্সটি বাতিল করে, নতুন আবেদনের ভিত্তিতে তদন্ত করে ফ্রেস লাইসেন্স দেওয়া চলে। কিন্তু ওসব নীতি বা কানুনের ধার না ধেরে, জেলা শাসকের এ্যাপ্রুভ্যাল না নিয়ে, ফরম 'এ'তে দরখাস্ত জমা না নিয়ে কনট্রোলার দীপকের আবেদন মত গত ২১ ফেব্রুয়ারী '৯১ দীপক পালের নামে লাইসেন্সটি অরুণের নাম বাদ দিয়ে করে দেন। মহকুমা খাদ্য নিয়ামক বন্ধুত্বের খাতিরে প্রণব পালের মায়ের নামে রেশনের দোকান থাকা সত্বেও চিনির হোলসেলারের লাইসেন্স দেন। প্রণবের স্ত্রীর নামে কয়লার লাইসেন্স, ছোট ভাই চন্দন পালের (খোকন) নামে চালের হোলসেল লাইসেন্স দেবার ব্যবস্থা করেন। এছাড়া বিভিন্ন দালালের মাধ্যমে কয়লার পারমিট বন্টন, এম আর ডিলারদের খাদ্য বন্টন বহাল তবিয়তে চলতে থাকে।

## স্বাধীনতা দিবসের অনুষ্ঠান

( ২য় পৃষ্ঠার পর )

সুকান্ত ভট্টাচার্যের 'আগামী' আবৃত্ত প্রতিযোগিতায় প্রথম অমিতাভ বাইন্দ্যা, দ্বিতীয় সুকন্যা সান্যাল, তৃতীয় সুকন্যা আচার্য। বিশিষ্ট আবৃত্তিকার পীতাম্বর ষড়ঙ্গী এবং সঙ্গীত শিল্পী মধুসুদন ঘোষ দর্শকদের মুগ্ধ করেন।

ধুলিয়ান : স্থানীয় বালিকা বিদ্যালয়ের ছাত্রী ও শিক্ষকদের দেশাত্মবোধক সঙ্গীত সহকারে পথ পরিক্রমার মধ্য দিয়ে স্বাধীনতা দিবস পালন করা হয়। বাণীচাঁদ আগরওয়ালা বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা শিশু উদ্যানে নেতাজীর এবং শহীদ নলিনী বাগচীর মর্মর মূর্তিতে মাল্যদান করে। পুরসভা প্রাঙ্গণে পতাকা উত্তোলন করেন পুরপতি তরুণ সেন। ইয়ংস্ গ্রুপের সদস্যরা ক্লাব প্রাঙ্গণে পতাকা উত্তোলন করেন।

## কেন এ প্রহসন

( ১ম পৃষ্ঠার পর )

নাম্বার ৪২। আর সবচেয়ে দুঃখজনক ঘটনা পরপর তিন বছর সেই ৪২। দেশের স্বাধীনতা ৪২ থেকে ৪৪ বছর হয়ে গেল কিন্তু বেচারীর নাম্বারের কোন পরিবর্তন হল না। জঙ্গিপুর হাই স্কুলের সর্বোচ্চ নাম্বার পাওয়া ছাত্র কৌশিক দত্ত প্র্যাকটিক্যাল পেপারে কাউন্সিলের বদান্যতায় দশ নাম্বার কম পাওয়ায় স্টার মার্কস থেকে বঞ্চিত হল। অরঙ্গাবাদ কলেজের দিকে তাকান ২২৬ জন ছাত্রের মধ্যে পাশ করেছে মাত্র ২৪ জন। সবাইকে ইংরাজির একটা করে খোঁচা দিয়ে ছেড়ে দিয়েছে। জঙ্গিপুর তথা পশ্চিমবঙ্গের সমস্ত স্কুল কলেজগুলোর একই চিত্র। কলকাতায় জয়েন্ট এনট্রান্সে পাশ করা এক ছাত্র ইংরাজিতে ব্যাক, এটাও শুনতে হচ্ছে। ছাত্রদের দোষ দেওয়া যায় ইংরাজিতে দুর্বল বলে। কিন্তু এ কি ধরনের প্রশ্নপত্র যেখানে শিক্ষকদের মধ্যেও উত্তর সম্বন্ধে একটা অস্পষ্টতা থেকে যায়? ইংরাজি বিষয়টা নিয়ে যে ভাবে বোর্ড বা কাউন্সিল ছিনিমিনি খেলছেন তাতে করে সরকার বা বিশেষ কোন রাজনৈতিক দলকে কষ্ট করে 'মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদান' আন্দোলনকে জিইয়ে রাখতে হবে না, ছাত্রদের ত্রাহি ত্রাহি রবে 'ইংরাজি' লজ্জা পেয়ে কিংবা মারের ভয়ে বঙ্গভূমি ছেড়ে পালাবে। মফঃস্বলের সামগ্রিক ফলাফলের যে চিত্র তাতে করে কলেজের পাসকোর্সের দুয়োরে ছাত্ররা ভীড় করবে। অনার্স নিয়ে ভাল রেজাল্ট করে ইউনিভার্সিটিতে ভীড় করে সরকারকে বিব্রত করার সুযোগ হবে না। রেজাল্টের ব্যাপারে কাউন্সালের বদান্যতা আগামী দিনে ছাত্রদের "ইনফরম্যাল এডুকেশন" সম্বন্ধে কি ধরনের মনোভাব এনে দেবে তা চিন্তার বিষয়।

**Centre for Career Development Courses**

এখানে সুযোগ রয়েছে ঃ—

১। কমপিউটার ট্রেনিং ২। স্পোকেন ইংলিশ
৩। ব্যাঙ্কিং ও রেল ইত্যাদি পরীক্ষার প্রস্তুতি এবং
৪। কমার্স শিক্ষার।

নতুন বছরের ভর্তি চলছে। যোগাযোগ করুন ঃ

এস. এন. চ্যাটার্জী বি. পি. চ্যাটার্জী

পাকুড়তলা

পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ

সবারে জানাই সবিনয় আহ্বান—

MAYUR®
Suitings • Shirtings

মাননীয় পৃষ্ঠপোষকগণ,

আগামী ১৭ই সেপ্টেম্বর, মঙ্গলবার, ১৯৯১ (শুভ বিশ্বকর্মা পুজোর দিন) বাজারপাড়াস্থিত আমার কাপড়ের দোকানে আপনাদের চির পছন্দের "ময়ুর মিলস্" (স্যুটিংস্ সার্টিংস্) অনুমোদিত শাখা বিপণন কেন্দ্রের শুভ উদ্বোধন অনুষ্ঠানে আপনার উষ্ণ সান্নিধ্য কামনা ও বরাবরের পরিশীলিত পরিষেবার অঙ্গীকার করি।

বিনীত—
মহিমারঞ্জন বড়াল
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
ফোনঃ আর জি জি ৭৫

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।